# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**17 SEPTEMBER 2025** **7:35 AM IST**

==========================================================================

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ থেকে সেবা-হি-সর্মপন : সেবা সপ্তাহ পালন শুরু হচ্ছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ৭৫তম জন্ম জয়ন্তী উপলক্ষ্যে আসাম সরকারের উদ্যোগে রাজ্যজুড়ে  সেবা-হি-সর্মপন সেবা সপ্তাহ পালনের ঘোষনা করা হয়েছে । কাছাড় জেলায় আজ দশটি স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে ।

আগামীকাল , ১৮ই সেপ্টেম্বর ধলাই-র বি এন এম পি হাইস্কুলে স্বাস্থ্য শিবির সহ ১৮ বছর বয়স পর্যন্ত শিশু-কিশোরদের ৫৯টি রোগের বিনামূল্যে পরীক্ষা ও চিকিৎসা পরিষেবা প্রদান করা হবে । ১৯শে সেপ্টেম্বর জেলার এক হাজারটি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্য্যসূচী , ২০ সেপ্টেম্বর নবীন সাহিত্যিকদের বিশেষভাবে আয়োজিত হবে যুব লেখক সম্মান প্রকল্প , ২২শে সেপ্টেম্বর যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র প্রকল্পের মাধ্যমে পুষ্টি সহায়তা প্রদান এবং ২৫শে সেপ্টেম্বর জেলাজুড়ে এক হাজার পাঁচশ ৭৫টি ভোট কেন্দ্রে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্য্যায় শুরু হবে । পাশাপাশি ১৭ই সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত জেলায় সুস্থ নারী-সশক্ত পরিবার অভিযান পালন করা হবে ।

---

এদিকে শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে  সেবা সপ্তাহ উদযাপনের অঙ্গ হিসেবে আজ সকাল ১১টা থেকে দুটি স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । শ্রীভূমি শহরের রবীন্দ্র সদন মহিলা কলেজ ও পাথারকান্দির মডেল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান শিবির অনুষ্ঠিত হবে । এই কর্মসূচীতে অংশ গ্রহনের জন্য জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে আমন্ত্রণ জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ থেকে আগামী ২৫শে সেপ্টেম্বর পর্যন্ত সমগ্র জেলায় জন কেন্দ্রীক বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে সেবা সপ্তাহ পালন করা হবে । এ উপলক্ষে আজ সকাল সাড়ে ১১টায় হাইলাকান্দি এস এস কলেজে স্বেচ্ছায় রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে । আগামী ১৯শে সেপ্টেম্বর জেলার এক হাজার তিনশ ৮৭টি শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন কার্যসূচী অনুষ্ঠিত হবে । ২২শে সেপ্টেম্বর এস এস কলেজে যক্ষা রোগীদের নিক্ষয় মিত্র নামক সাহায্য কর্মসূচী এবং কাটলিছড়ার এস কে রায় কলেজে শিশুদের মেগা স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হয়েছে । এরপর ২৩শে সেপ্টেম্বর এস এস কলেজ এবং বোয়ালিপারের শশীভূষন ইনষ্টিটিউট অব এডুকেশনে ধর্মীয় প্রতিষ্ঠানগুলির জন্য জমির পাট্টা বিতরন এবং ২৫শে সেপ্টেম্বর অরুণোদয়ের তৃতীয় পর্যায়ের কার্যসূচী জেলার ৬০২টি ভোট কেন্দ্রে অনুষ্ঠিত হবে । এই অনুষ্ঠানগুলিতে জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল , সাংসদ কৃপানাথ মালা সহ তিন বিধায়ক জাকির হোসেন লস্কর , সুজাম উদ্দিন লস্কর এবং নিজাম উদ্দিন চৌধুরী প্রমূখ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---

আজ দেবশিল্পী বিশ্বকর্মার পুজো  সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও অনুষ্ঠিত হচ্ছে । বরাক উপত্যকার তিন জেলার ছোট বড় কল-কারখানা, কারিগরী প্রতিষ্ঠান, প্রিন্টিং প্রেস, কারিগরী শিক্ষা প্রতিষ্ঠান, যন্ত্রনির্ভর প্রতিষ্ঠানে পুজোর আয়োজন করা হয়েছে । এ উপলক্ষে বিভিন্ন স্থানে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে । শিলচর শহরে বিভিন্ন সরকারি, বেসরকারি কার্যালয়, শিলচর পৌর নিগম, জলসম্পদ বিভাগ, সংবাদ মাধ্যমের কার্যালয়, মোটর পরিবহণ সংস্থা, আকাশবাণী শিলচর কেন্দ্র, শিলচর দূরদর্শন কেন্দ্রে আজ দেবশিল্পী বিশ্বকর্মা পূজার আয়োজন করা হয়েছে ।
শ্রীভূমি জেলায়ও দেবশিল্পী বিশ্বকর্মার পূজা অনুষ্ঠিত হচ্ছে ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হয়েছে । জেলার বিভিন্ন কল-কারখানা,  সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, এবং কার্যালয় সহ ঘরোয়াভাবেও আজ যথাযোগ্য মর্য্যাদায় দেবশিল্পী বিশ্বকর্মার পুজো অনুষ্ঠিত হচ্ছে ।

---

সাংসদ পরিমল শুক্লবৈদ্য গতকাল ধলাইয়ে কৃষি বিভাগের জ্ঞানার্জন কেন্দ্র ও প্রশিক্ষণ কক্ষের শিলান্যাস করেন । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সাংসদ শ্রী শুক্লবৈদ্য কৃষিক্ষেত্রের সঙ্গে জড়িত বিভিন্ন সরকারী প্রকল্প কৃষক সম্মান নিধি যোজনা, কৃষক সিচাই যোজনা-র ফলপ্রসু রূপায়ন সম্পর্কে সরকারের প্রয়াসের কথা তুলে ধরেন ।  এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ধলাইর বিধায়ক নিহার রঞ্জন দাস , ধলাই সম -

জেলা আয়ুক্ত রক্তিম বরুয়া , জেলা কৃষি আধিকারীক ডঃ এ আর আহমেদ প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

গত কয়েকদিনের বৃষ্টিতে কাছাড় জেলার তিনটি রাজস্ব চক্র- শিলচর, লক্ষ্মীপুর ও সোনাই এলাকার ৮২টি গ্রাম বন্যার কবলে পড়েছে । এপর্যন্ত ৮২টি গ্রামের ২২৫ জন বন্যাক্রান্ত হয়েছেন । কাছাড় জেলার সোনাই এবং শিলচরে একটি করে আশ্রয় শিবির খোলা হয়েছে । এই দুটি শিবিরে ১২৭ জন শরণার্থী আশ্রয় নিয়েছেন ।

---

শিলচর শহরের তারাপুর কালীবাড়ী রোড এলাকা থেকে গতকাল এগারোজন রোহিঙ্গা নাগরিককে আটক করা হয়েছে । এদের মধ্যে মহিলা এবং শিশুও রয়েছে । পুলিশ সূত্রে জানানো হয়েছে যে- রোহিঙ্গা নাগরিকদের এই দলটি হায়দ্রাবাদ থেকে শিলচর এসে ভাড়া ঘরের সন্ধান করছিল । তাদের সন্দেহজনক আচরণ দেখে স্থানীয় জনসাধারণ পুলিশকে খবর দেয় । এর পরিপ্রেক্ষিতে পুলিশ সন্দেহভাজন রোহিঙ্গা নাগরিকদের আটক করেছে । পুলিশ এই ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

আসামের মরিগাও জেলায় আজ ভোর তিনটা ৫৪ মিনিটে মৃদু ভূমিকম্প অনুভূত হয়েছে । রিক্টার স্কেলে ভূমিকম্প ছিল দুই দশমিক ৮ ।

---

লক্ষীপুর পৌরসভার প্রাক্তন সভাপতি কল্যান দে গতকাল শেষ হৃদরোগে আক্রান্ত হয়ে নি:শ্বাস ত্যাগ করেছেন । লক্ষীপুরের বিভিন্ন সংস্থা সংগঠনের পক্ষ থেকে কল্যান দে-র মৃত্যুতে গভীর শোক প্রকাস করা হয়েছে ।

---